যুগান্তর

25 MAR 20
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৩

# শেখ হাসিনার কাছে শিক্ষক ফেডারেশনের স্মারকলিপি

যুগান্তর রিপোর্ট

শিক্ষক সমিতি ফেডারেশন নেতৃবৃন্দ বিরোধদলীয় নেত্রী শেখ হাসিনার কাছে স্মারকলিপি দিয়েছেন। নেতৃবৃন্দ গতকাল রাতে ধানমন্ডির সুধা সদনে গিয়ে শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎ করে স্মারকলিপি দেন এবং শিক্ষক নির্যাতন বন্ধসহ একুশ দফা দাবি বাস্তবায়নে সমর্থন প্রত্যাশা করেন।

এ সময় নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, আজিজুল ইসলাম, অধ্যাপক আসাদুল হক, উপাধ্যক্ষ নুরুননবী সিদ্দিকী, এসএমএ জলিল, খান মোশারফ হোসেন, অধ্যাপক নজরুল ইসলাম খান, অধ্যক্ষ সাহাদাত হুসাইন রানা, অধ্যাপক এমএ বারী, অধ্যাপিকা ফিরোজা বেগম, অধ্যাপক শরীফ উদ্দিন, অধ্যাপিকা ভিকারুন নেসা, অধ্যাপক আবদুর রহমান, আবদুল হাই, মিজানুর রহমান, [illegible] রহমান ও সুখেন্দু চন্দ্র সরকার।